গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(স্থানীয় সরকার শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০২৬.০১.০২৩.২৪- ০৯

তারিখ: ১৮ পৌষ, ১৪৩১
০২ জানুয়ারি, ২০২৫

দরপত্র বিজ্ঞপ্তি নম্বর-০১/২০২৪-২০২৫

লালমনিরহাট জেলার ০৫ (পাঁচ)টি উপজেলার ৪৫ (পঁয়তাল্লিশ)টি ইউনিয়ন পরিষদে কর্মরত ৪২২ জন গ্রামপুলিশ (দফাদার-৪৪ জন ও মহল্লাদার-৩৭৮ জন) যার মধ্যে ৬ (ছয়) জন মহিলা গ্রামপুলিশের ২০২৪-২০২৫ অর্থবছরের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের নিমিত্ত শর্ত সাপেক্ষে পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন এবং যোগ্যতাসম্পন্ন ঠিকাদার/ব্যবসায়ী/সরবরাহকারীদের নিকট হতে সিলমোহরকৃত দরপত্র (নমুনাসহ) আহবান করা যাচ্ছে।

১. তফসিল-"ক" (১ম পর্যায়):

১.	মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২.	দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান	জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৩.	ক্রয়কারী	জেলা প্রশাসক, লালমনিরহাট
৪.	অর্থের উৎস	অনুন্নয়ন বাজেটের মঞ্জুরী নং- ৩৪, হিসাবের খাত নং ১৩৭০১০১-১২০০০১৩০৮-৩৬৩১১০৩
৫.	ক্রয় পদ্ধতি	উম্মুক্ত দরপত্র (ওটিএম)
৬.	কাজের বিবরণ	তফসিল "গ" এ বর্ণিত পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ।
৭.	দরপত্রের বিবরণ	গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ
৮.	দরপত্র বিক্রয় ও গ্রহণের স্থান	(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর (খ) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (গ) পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
৯.	দরপত্রের মূল্য	নগদ ৪,০০০/-(চার হাজার) টাকা (অফেরতযোগ্য)
১০.	দরপত্র জামানত	উদ্ধৃত দরের ৩% হিসাবে।
১১.	কার্য সম্পাদনের সময়	চুক্তি সম্পাদনের ৪৫ (পয়ঁতাল্লিশ) দিনের মধ্যে

২. তফসিল "খ" (১ম , ২য় ও ৩য় পর্যায়) :

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়
১ম পযায়	বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে ২৬/০১/২০২৫ পর্যন্ত (সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত)	২৮/০১/২০২৫ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, লালমনিরহাট। দরপত্র দাখিলের দিন বিকাল ৪.০০ টায়, দরদাতা কর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)।
২য় পর্যায়	০৩/০২/২০২৫ হতে ০৯/০২/২০২৫ পর্যন্ত (সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত)	১১/০২/২০২৫ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত	
৩য় পর্যায়	১৩/০২/২০২৫ হতে ১৭/০২/২০২৫ পর্যন্ত (সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত)	১৯/০২/২০২৫ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত	

১ম পর্যায়ে কাঙ্ক্ষিত দর পাওয়া না গেলে বা দরপত্র দাখিল না হলে দরপত্র গৃহীত না হওয়া পর্যন্ত একই শর্তের অধীনে অনুরূপভাবে পর্যায়ক্রমে দফাওয়ারি দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

৩. তফসিল "গ"(১ম , ২য় ও ৩য় পর্যায়) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির ধরণ ও সম্ভাব্য পরিমাণ :

ক্র নং	পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির বিবরণ	সংখ্যা	মোট সংখ্যা
১.	দফদার- ফুলহাতা ও হাফ হাতা নীল রং এর জামা	৪৪x২	৮৮ টি
২.	মহল্লাদার : ফুলহাতা ও হাফ হাতা নীল রং এর জামা	৩৭২x২	৭৪৪ টি
৩.	ফুল প্যান্ট (দফাদার ও মহল্লাদার)	৪১৬x২	৮৩২ টি
৪.	মহিলা গ্রামপুলিশের জর্জেট শাড়ি	৬x২	১২ টি
৫.	মহিলা গ্রামপুলিশের ব্লাউজ	৬x২	১২ টি
৬.	মহিলা গ্রামপুলিশের পেটিকোট	৬x২	১২ টি
৭.	কাপড়ের জুতা (উন্নত মানের)	৪২২x১	৪২২ জোড়া
৮.	বেল্ট (উন্নত মানের)	৪২২x১	৪২২ টি
৯.	দফাদারের জন্য সোল্ডার ব্যাজে কালো কাপড়ের রিবন	৪৪x২	৮৮টি
১০.	মহল্লাদারের জন্য লাল রংয়ের সোল্ডার ব্যাজ	৩৭২x২	৭৪৪টি

প্রকাশ যে, দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী স্থানীয় সরকার শাখা এবং জেলা তথ্য বাতায়ন **www.lalmonirhat.gov.bd** এর মাধ্যমে জানা যাবে।

৪.দরপত্রের শর্তাবলী :

১	২০২৩-২৪ অর্থবছরের দরদাতার ভ্যাট পরিশোধের সনদ, ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের সনদ, আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার যে কোন তফসিলি ব্যাংকের সনদ (দরপত্র ক্রয়ের দিন হতে পূর্ববর্তী ০৭ (সাত) দিনের মধ্য) ও জাতীয় পরিচয় পত্রের অনুলিপি (সত্যায়িত) দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
২	দরপত্র দাতাকে বিগত ০৩ (তিন) বছরের মধ্যে ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকার একই ধরণের কাজের (বিজিবি, পুলিশ, আনসার ও ভিডিপি এবং গ্রামপুলিশদের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের) বাস্তব অভিজ্ঞতার সনদপত্রের (সত্যায়িত) কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৩	পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ মোতাবেক দরপত্রদাতাকে যোগ্য হতে হবে এবং দরপত্রের শর্তানুযায়ী দরপত্র দাখিল করতে হবে।
৪	দরপত্রে দেয় দরের ৩% হারে জামানত বাবদ যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার (জেলা প্রশাসক, লালমনিরহাট এর অনুকূলে) সংগ্রহপূর্বক দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৫	দরপত্রে বর্ণিত প্রতিটি আইটেমের নমুনা দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অনুমোদিত নমুনার সাথে সরবরাহকৃত নমুনার গড়মিল দেখা দিলে তা সরবরাহকারী নিজ খরচে ও নিজ দায়িত্বে পরিবর্তন করে পুনরায় অনুমোদিত নমুনা অনুযায়ী সরবরাহ করতে হবে।
৬	কার্যাদেশ প্রদানের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে প্রত্যেক গ্রামপুলিশের গায়ের মাপ অনুযায়ী পোশাক এবং পায়ের মাপ অনুযায়ী জুতা ও মোজাসহ সমুদয় পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। ব্যর্থতায় জামানত বাতিল বলে গণ্য হবে।
৭	সকল পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় দাখিল করতে হবে। সরবরাহকৃত পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির গুণগতমান মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই অন্তে সন্তোষজনক বিবেচিত হলে এবং জেলা প্রশাসক, লালমনিরহাট কর্তৃক অনুমোদিত হলে সরবরাহকারীকে নিজ খরচে এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে তা পৌঁছে দিয়ে সন্তোষজনক মর্মে প্রাপ্তি স্বীকারপত্র এ দপ্তরে জমাদানের পর বিলের অর্থ পরিশোধ করা হবে। অগ্রিম কোন বিল প্রদান করা হবে না।
৮	সরবরাহকৃত পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির গৃহীত মোট দরের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করতে হবে।
৯	কর্তৃপক্ষ প্রয়োজনবোধে প্রাপ্ত বরাদ্দের মধ্যে ক্রয়যোগ্য কোন আইটেম সংযোজন/বিয়োজন এবং মালামালের পরিমাণ সংখ্যা হ্রাস ও বৃদ্ধি করতে পারবেন, তাতে দরদাতার কোন আপত্তি গ্রাহ্য হবে না।
১০	দরদাতা কর্তৃক দাখিলকৃত যে কোন কাগজপত্র ভুয়া/জাল প্রমাণিত হলে প্রচলিত আইনে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে এবং দাখিলকৃত জামানত বাবদ অর্থ বাজেয়াপ্ত করা হবে।
১১	NOTIFICATION OF AWARD প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে গৃহীত দরের ১০% অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত বাবদ জেলা প্রশাসক, লালমনিরহাট এর অনুকূলে জমা প্রদান করতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক মালামাল সরবরাহ নেয়ার পর উক্ত জামানত বাবদ ১০% অর্থের পে-অর্ডার, চূড়ান্ত বিল পরিশোধের ০৩ (তিন) মাসের মধ্যে কোন অভিযোগ না পাওয়া গেলে ফেরত প্রদান করা হবে। উক্ত সময়ের মধ্যে কোন অভিযোগ পাওয়া গেলে সরবরাহকারী নিজ খরচে/দায়িত্বে তা নিষ্পত্তি করবেন/মালামাল সরবরাহ করবেন।
১২	দরপত্র মূল্য ৪,০০০/-(চার হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র বিক্রয় করা হবে না।
১৩	দরপত্রে উল্লিখিত সকল আইটেমের একক মূল্য অংকে ও কথায় এবং মোট মূল্য অংকে ও কথায় স্পষ্ট অক্ষরে লিখতে হবে। কোন ঘষামাজা/কাটাকাটি গ্রহণযোগ্য হবে না।
১৪	সিলগালাযুক্ত খামের উপর স্পষ্ট অক্ষরে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখপূর্বক টেন্ডার শিরোনাম উল্লেখ করতে হবে। অস্পষ্ট ও অসম্পূর্ণ/কাটা ঘষামাজা দরপত্র বাতিল বলে গণ্য হবে।
১৫	গৃহীত দরের ১০% অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত বাবদ জমা প্রদানের পর কৃতকার্য দরপত্রদাতা পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা/চুক্তিপত্র সম্পাদন করবেন।
১৬	দরপত্রের সাথে দাখিলকৃত নমুনার মান সন্তোষজনক না হলে সর্বনিম্ন দরদাতাকে কর্তৃপক্ষ কার্যাদেশ দিতে বাধ্য নয়।
১৭	শর্তাবলী নং ১ এবং ২ ক্রমিকে উল্লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে/অনুযায়ী দরপত্র ক্রয় করতে পারবেন এবং শর্তাবলীর বাইরে অন্য কোন ব্যক্তি দরপত্র ক্রয় করতে পারবেন না।
১৮	কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ /বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০১.১.২৫

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(স্থানীয় সরকার শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০২৬.০১.০২৩.২৪- ০১ (১৮০) তারিখ: ২৩ পৌষ, ১৪৩১ / ০২ জানুয়ারি, ২০২৫

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর
৪। জেলা প্রশাসক ....(সকল)
৫। পুলিশ সুপার, লালমনিরহাট।
৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, লালমনিরহাট
৭। উপজেলা নির্বাহী অফিসার............................(সকল), লালমনিরহাট (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৮। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লালমনিরহাট (বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৯। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক দিনকাল
১০। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক The Financial Express

বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৩ (তিন) কলাম ১৫(পনের) ইঞ্চি সাইজে ০১ (এক) দিন (ছুটির দিন ব্যতীত) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত সংখ্যার ০২ (দুই) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১২। নোটিশ বোর্ড।

০২.১.২৫

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd